# ২০২৪
# বাংলা
## (অনার্স)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-DSE-T-1
## (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)
## [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কি রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনাকে সমর্থন করেছেন?

খ) রঞ্জনকে প্রাবন্ধিক কী বলেছেন? রবীন্দ্রনাথই বা রঞ্জনকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

গ) "রক্তকরবী তার রঙমশাল" — কী সূত্রে একথা বলা হয়েছে?

ঘ) বঙ্কিমচন্দ্র জয়দেব ও Wordsworth এর মধ্যে কী পার্থক্য দেখিয়েছেন?

[পরপৃষ্ঠায়]

ঙ) 'রীতিবাদ' এর প্রবক্তা কে? তাঁর রচিত গ্রন্থটির নাম লেখো।

চ) নব্যক্লাসিক যুগ বা Neoclassic age হিসাবে কোন সময়কালকে ধরা হয়? 'ক্লাসিক' শব্দের অর্থ লেখো।

ছ) রোমান্টিক যুগের কবিদের প্রধান বক্তব্য কী ছিলো?

জ) বাংলা সাহিত্যে কোন কবির কবিতায় সর্বপ্রথম 'সুররিয়ালিজম' দেখা যায়? তাঁর লেখা একটি কবিতার নাম লেখো।

ঝ) ঔচিত্যবাদের প্রতিষ্ঠাতা কে? তিনি তাঁর লেখা কোন্ গ্রন্থে এই বিষয়ে আলোকপাত করেন?

ঞ) অনুকরণের প্রধান বিষয় ক'টি এবং কী কী?

ট) আচার্য কুন্তকের মতে কাব্যের প্রাণ কী?

ঠ) 'রিয়ালিজমের দৃষ্টান্ত আছে মধ্যযুগের বাংলা সাহিত্যে' — দু'জন কবির দুটি সৃষ্টির উল্লেখ করো।

ড) বাংলা সাহিত্যে 'ন্যাচারালিজম' ভাবনার চারজন সাহিত্যিকের নাম লেখো।

ঢ) 'বিদ্যাপতি ও জয়দেব' সমালোচনা অংশটির মূল উৎস কী? মূল গ্রন্থের প্রকাশকাল লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বাংলা সাহিত্যে বিষ্ণু দে ও শক্তি চট্টোপাধ্যায়ের সুররিয়ালিজম লক্ষণাক্রান্ত দুটি করে কবিতার নাম লেখো এবং এঁদের লেখা যে কোনো একটি কবিতায় কীভাবে পরাবাস্তবতাবাদের প্রকাশ ঘটেছে তা সংক্ষেপে আলোচনা করো।



খ) 'রঞ্জন বিধাতার সেই হাসি' — উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।

গ) "সাহিত্য দেশের অবস্থা ও জাতীয় চরিত্রের প্রতিবিম্ব মাত্র" — উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।

ঘ) 'কিন্তু তাঁর কাব্যের এই মূল উৎস কখনও শুকিয়ে যায়নি' — কার সম্পর্কে এমন মন্তব্য করা হয়েছে? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

ঙ) কাব্যসত্য বা সাহিত্যের সত্য সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল? সংক্ষেপে আলোচনা করো।

চ) ক্লাসিক ও রোমান্টিক ভাবনার মধ্যে কি সত্যিই মেরুদূরত্ব ক্রিয়াশীল? উদাহরণসহ বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের মত কী ছিল — 'আধুনিকতা ও রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

খ) 'ক্লাসিসিজম্'-এর বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে আলোচনা করো।

গ) "নারী তাই মালা হয়ে তার কণ্ঠে লতায়, ছিন্ন হলে পায়ে লোটায়" — উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।

ঘ) 'অনুকৃতি' কী? অনুকৃতি সম্পর্কে প্রাচীন আলঙ্কারিকদের ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

———